

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২২৭

পর্ব-২: 'ইলম (বিদ্যা) (كتاب العلم)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ تَعْلَمَ عِلْمًا مِمَّا يُبَتَّغِي بِهِ وَجْهُ اللَّهِ لَا يَتَعْلَمُهُ إِلَّا لِيُصِيبَ بِهِ عَرَضًا مِنَ الدُّنْيَا لَمْ يَجِدْ عِرْفَ الْجَنَّةِ يَوْمَ الْقِيَامَةِ» يَعْنِي رِيحَهَا. رَوَاهُ أَحْمَدُ وَأَبُو دَاؤَدَ وَابْنُ مَاجَةَ

বাংলা

২২৭-[৩০] আবু হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে 'ইলম বা জ্ঞান দ্বারা আল্লাহর সন্তুষ্টি অর্জন করা যায়, কেউ সে জ্ঞান পার্থিব স্বার্থোদ্ধারের অভিপ্রায়ে অর্জন করলে কিয়ামতের (কিয়ামতের) দিন জাগ্নাতের সুস্থানও পাবে না। (আহমাদ, আবু দাউদ ও ইবনু মাজাহ)[১]

ফুটনোট

[১] সহীহ : আহমাদ ৮২৫২, আবু দাউদ ৩৬৬৪, ইবনু মাজাহ ২৫২, সহীহত তারগীব ১০৫।  
ইমাম হাকিম ও যাহাবী একে সহীহ বলেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদিস থেকে বুঝা যায়, যে ব্যক্তি দীনী বিদ্যা শিক্ষার মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি ছাড়া দুনিয়ার সম্পদের ইচ্ছা করবে সে জাগ্নাতের আশ-পাশেও ভিড়তে পারবে না। তবে কেউ যদি তা' দ্বারা আল্লাহর সন্তুষ্টি উদ্দেশ্য করে। অতঃপর দুনিয়ার সম্পদের প্রতি তার ঝোঁক থাকে সে ব্যক্তি হাদিসে উল্লিখিত শাস্তির আওতাভুক্ত হবে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54786>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন